

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং- সমন্বিত নিয়ন্ত্রণ কক্ষ/কোভিড-১৯/২০২০/৫৭

তারিখঃ ২০/০৫/২০২০ ইং

বিজ্ঞপ্তি

বিষয়ঃ মোবাইল ফোন নাম্বারে এসএমএস আকারে কোভিড-১৯ পরীক্ষার (পিসিআর) রিপোর্ট প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন ল্যাবরেটরিতে কোভিড-১৯ আরটি-পিসিআর পরীক্ষার ফলাফল, পরীক্ষা সম্পন্ন হওয়ার ২৪ ঘণ্টার মাঝে স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখা থেকে নমুনা সংগ্রহের সময়ে দেয়া ব্যক্তির মোবাইল ফোন নাম্বারে এসএমএস আকারে নিয়মিতভাবে পাঠানো হচ্ছে। এসএমএসটি গ্রামীনফোন গ্রাহকেরা MIS,DGHS শিরোনামে এবং অন্যান্য অপারেটর ব্যবহারকারীগণ ০১৭২৯০২৪৬১২ নাম্বার থেকে পাবেন। এই এসএমএসটি স্বাস্থ্য অধিদপ্তর থেকে প্রেরিত অফিশিয়াল এসএমএস হিসেবে গণ্য হবে এবং স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসহ অন্যান্য স্থানে অফিশিয়াল রিপোর্ট হিসেবে ব্যবহার করা যাবে। এ ব্যাপারে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্টদের সহযোগিতা করার অনুরোধ জানাচ্ছি।


(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও
মহাপরিচালক (ভারপ্রাপ্ত) এবং সভাপতি
টেকনিক্যাল কমিটি ল্যাবরেটরি ইনভেস্টিগেশন, কোভিড-১৯
স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং- সমন্বিত নিয়ন্ত্রণ কক্ষ/কোভিড-১৯/২০২০/

তারিখঃ ২০/০৫/২০২০ ইং

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণের করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আঃ সহকারী পরিচালক (সমন্বয়)
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (পরিদর্শনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর।
- ৫। পরিচালক, এম আই এস, স্বাস্থ্য অধিদপ্তর।
- ৬। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর (সকল বেসরকারি হাসপাতাল ও ক্লিনিক সমূহকে আবহিত করণ)
- ৭। পরিচালক, রোগ নিয়ন্ত্রণ বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর।
- ৮। পরিচালক / তত্ত্বাবধায়ক, সকল সরকারি হাসপাতাল সমূহ।
- ৯। সিভিল সার্জন (সকল)
- ১০। উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা (সকল)
- ১১। অফিস কপি।